ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে অনুমোদিত ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
(২) নির্মাণকারী প্রতিষ্ঠান HydroChina Corporation হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- DSTP-O&M-HydroChina-DWASA-EE-0194/25; Date: 11/05/2025.
(৩) অনুমোদিত দরসহ PDW Rate-2022 এর কপি।
(৪) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ "Procurement of mechanical kits for thickener & dehydrator sludge pump etc. of Dasherkandi STP" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ৪ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়শোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। পয়ঃশোধনাগারের আওতায় ১টি SLS, ১টি Inlet Pumping Station, ৪টি SST, ২টি AAO Tank, ৮টি PST, ২টি Sludge Pump Station, ১টি Sludge Storage Tank, ১টি Sludge Thickening & Dewatering Building, ২টি Sludge Cake Storage Tank, ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) ইত্যাদি বিদ্যমান রয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারের PST ও SST হতে পাম্পের মাধ্যমে ৯৯% Moisture সমৃদ্ধ Raw Sludge সংগ্রহ করে Sludge Storage Tank -এ জমা করা হয়। প্রতিটি PST ও SST -তে Scraper ব্যবহার করা হয়। উক্ত Scraper ঘুরানোর জন্য Gear motor ব্যবহার করা হয়। এছাড়া, সংগৃহীত Raw Sludge, Sludge Thickening & Dewatering Building- এ বিদ্যমান Thickener ও Dehydrator এর মাধ্যমে Chemical (cPAM) ব্যবহার করে ৭৮% Moisture যুক্ত Sludge Cake তৈরী হয়। উক্ত Dewatering system -এর PAM preparation tank -এ Level meter ব্যবহার করা হয়। এছাড়া, Dehydrator -এ Rigid joint ব্যবহার করা হয়। বর্তমানে বর্ণিত মালামাল দাশেরকান্দি পয়ঃশোধনাগারের স্টোরে মজুদ নেই। Operation কার্যক্রম নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে জরুরী ভিত্তিতে যা ক্রয় করা প্রয়োজন। নির্মাণকারী প্রতিষ্ঠান HydroChina Corporation হতে এসব মালামাল ক্রয়ের পত্র প্রদান করা হয়েছে (ক্রমিক নং-২ দ্রঃ)। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত দরসহ PDW Rate-2022 এর ভিত্তিতে বর্ণিত মালামাল ক্রয় করার লক্ষ্যে ১টি প্রাক্কলন প্রস্তুত হয়েছে (ক্রমিক নং-৩ দ্রঃ)। মোট প্রাক্কলিত মূল্য ৪৯,৮৮,৫৮৫.০০ (উনপঞ্চাশ লক্ষ আটাশি হাজার পাঁচশত পঁচাশি টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১৫০ হতে নির্বাহ করা হবে।

০৩। আলোচ্য "Procurement of mechanical kits for thickener & dehydrator sludge pump etc. of Dasherkandi STP" শীর্ষক কাজটি CPTU প্রনীত Standard Tender Document (STD) e-PG3 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদন করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ Procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া, দরপত্র দলিলের e-TDS অংশের ITT15.1 (a) এ সরবরাহকারীর যোগ্যতা হিসেবে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (General Supply Experience) ৫ (পাঁচ) বৎসর এবং ITT15.1 (b) এ সমপ্রকৃতির কাজের অভিজ্ঞতা (Similar Experience) সর্বশেষ ৩ (তিন) বৎসরে ২টি কাজে প্রতিটি নূন্যতম ৩৫ লক্ষ করে ৭০.০০ লক্ষ টাকা ধরা যেতে পারে অথবা সর্বশেষ ৩ (তিন) বৎসরে যে কোন একটি কাজে নূন্যতম ৪০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial Solvency হিসেবে ৪০.০০ লক্ষ টাকা উল্লেখ করা যেতে পারে। উল্লেখ্য, প্রয়োজনবোধে PE অফিস কর্তৃক Bidding Criteria পরিবর্তন, পরিমার্জন ও সংযোজন করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার লক্ষ্যে Scraper এর জন্য Gear motor ও Dewatering system এর PAM preparation level meter ইত্যাদি ক্রয়ের নিমিত্তে "Procurement of mechanical kits for thickener & dehydrator sludge pump etc. of Dasherkandi STP" শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG3 অনুসরনে সম্পাদনের নিমিত্তে মোট ৪৯,৮৮,৫৮৫.০০ (উনপঞ্চাশ লক্ষ আটাশি হাজার পাঁচশত পঁচাশি টাকা) মাত্র'র আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

মোঃ কামাল উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE(WRS/TPC)

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পঃশোঃ সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (O+M)

CE

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।